চট্টগ্রামে আ জ ম নাছিরের বাসায় পুলিশের অভিযান



আ জ ম নাছির উদ্দীন। ছবি: টিবিএস থেকে নেওয়া

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দিনের খোঁজে তাঁর বাসায় তল্লাশি চালিয়েছে পুলিশ। বুধবার (১৮ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে নগরের আন্দরকিল্লা এলাকায় তাঁর বাসায় এ অভিযান চালানো হয়।

বাসার এক কর্মচারী নাম প্রকাশ না করার শর্তে জানান, কোতোয়ালি থানা পুলিশের ১৫ থেকে ২০ জন সদস্য বাসায় প্রবেশ করেন। তাঁরা আ জ ম নাছির কোথায় আছেন, তা জানতে চান এবং বাসায় তল্লাশি চালান। পরে পুলিশ সদস্যরা সেখান থেকে চলে যান।

অভিযানের বিষয়টি নিশ্চিত করে কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাহেদুল কবির বলেন, অভিযান চালানো হয়েছে। এ বিষয়ে বিস্তারিত পরে জানানো হবে।

আ জ ম নাছির উদ্দিন ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ছিলেন। এ ছাড়া ২০১৪ থেকে ২০২৪ সাল পর্যন্ত বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সহসভাপতির দায়িত্ব পালন করেন তিনি।

LENS ASIA